

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯ কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং- ২৪.০২.০০০০.০০২.০৭.০০৬.২৩-৫১৪

তারিখঃ ১৩/০৬/২০২৪খ্রিঃ।

বিষয়: RHR International, ৪০/৪১ station Road, Tejgaon, Dhaka এর দাখিলকৃত পে-অর্ডার নম্বর: ৪৪৫৬৪১৪, তারিখ: ১৪/০২/২০২৪ খ্রি: দরপত্র জামানত বাজেয়াপ্তকরণ এবং সরকারি কোষাগারে জমাদান।

সূত্র : ১। বস্ত্র অধিদপ্তরের দরপত্র বিজ্ঞপ্তির স্মারক নং- ২৪.০২.০০০০.০০২.০৭.০০৬.২৩-৩৬২, তারিখ: ৩০/০১/২০২৪ খ্রি:
২। বস্ত্র অধিদপ্তরের NOA স্মারক নং- ২৪.০২.০০০০.০০২.০৭.০০৬.২৩-৪৬৩, তারিখ: ১৮/০৪/২০২৪ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ-১ নং স্মারক অনুযায়ী RHR International বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়ে ২০২৩-২৪ অর্থবছরের অফিসিয়াল কাজে ব্যবহারের জন্য ব্যবহার্য সামগ্রী (লেট-০১) এর দরপত্র জামানত বাবদ পে-অর্ডার নম্বর- ৪৪৫৬৪১৪, তারিখ: ১৪/০২/২০২৪ খ্রি: ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা মাত্র দাখিল করেন। তৎপ্রেক্ষিতে বস্ত্র অধিদপ্তরের সূত্রস্থ-২ নং স্মারক মোতাবেক উক্ত প্রতিষ্ঠানের অনুকূলে Notification Of Award (NOA) প্রদান করা হয়। কিন্তু NOA এর শর্ত অনুযায়ী পারফরমেন্স সিকিউরিটি বাবদ ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা মাত্র নির্ধারিত ০২/০৫/২০২৪ খ্রি: তারিখের মধ্যে মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকার অনুকূলে দাখিল করতে উক্ত প্রতিষ্ঠান ব্যর্থ হয়।

২। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর ২৫ (১) এর (গ) বিধি অনুযায়ী পারফরমেন্স সিকিউরিটি জমা প্রদানে ব্যর্থ হওয়ায় উক্ত পে-অর্ডার বাজেয়াপ্ত করার নির্দেশনা রয়েছে। সে মোতাবেক RHR International, ৪০/৪১ station Road, Tejgaon, Dhaka. কর্তৃক দাখিলকৃত পে-অর্ডার নম্বর- ৪৪৫৬৪১৪, তারিখ: ১৪/০২/২০২৪ খ্রি: ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) এর পে-অর্ডারটি বস্ত্র অধিদপ্তর কর্তৃক বাজেয়াপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে এবং উক্ত অর্থ আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে সরকারি কোষাগারের চালান নম্বর: ১-৪১৩১-০০০১-২৩৬৬ এ জমাদানপূর্বক অত্র কার্যালয়কে লিখিতভাবে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: (১) পে-অর্ডারটির মূল কপি।
(২) দরপত্র বিজ্ঞপ্তির ফটোকপি।
(৩) NOA এর ফটোকপি।


১৩.০৬.২০২৪

(সুব্রত কুমার ঘোষ)

সহকারী পরিচালক (ক্রয় ও সংগ্রহ) অ: দা:

বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

ফোনঃ ৫৫০১১৯৬৩

ই-মেইলঃ dotadprocure@gmail.com

ব্যবস্থাপক
এনআরবিসি ব্যাংক
ফার্মগেট শাখা, ঢাকা।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। Chief Executive Officer (CEO), Bangladesh Public Procurement Authority, IMED,
Ministry of Planning, Dhaka-1207.

০২। প্রকল্প পরিচালক,----- (সকল) বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

০৩। উপপরিচালক (প্রশাসন), বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

০৪। উপপরিচালক, বিভাগীয় বস্ত্র অধিদপ্তর, (সকল)।

০৫। প্রোগ্রামার, আইসিটি সেল, বস্ত্র অধিদপ্তর, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের জন্য)

০৬। সহকারী পরিচালক (বাজেট ও হিসাব), বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

০৮। পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

০৯। RHR International, ৪০/৪১ station Road, Tejgaon, Dhaka.

১০। অফিস কপি/মাস্টার ফাইল।